



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 10 Nov 2025

TIME: 7:35 AM

আসাম মন্ত্রিসভা আগামী শীতকালিন অধিবেশনে বহু বিবাহ প্রতিরোধে -দ্যা আসাম প্রহিবিশ্যান অব পলিগেমী বিল-২০২৫ বিধানসভায় পেশ করার ক্ষেত্রে অনুমোদন দিয়েছে। এই বিলে একজন পুরুষের দ্বিতীয় বিবাহ স্বত্তেও দ্বিতীয় বিবাহ করলে ৭ বছরের কারাবাস সহ দ্বিতীয়কে আর্থিক সাহায্য প্রদানের ব্যবস্থা রয়েছে। তবে অনুসূচিত জাতির লোকদের এই বিলের বাহিরে রাখা হয়েছে।

আসাম সরকার রাজ্যে স্বচ্ছতার ভিত্তিতে নিয়োগ প্রক্রিয়া শুরু করার ফলে বর্তমানে যুবক যুবতীদের মধ্যে নতুন প্রেরণার সৃষ্টি হয়েছে। মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শম গতকাল গুয়াহাটীর খানাপারার আসাম পশু চিকিৎসা বিজ্ঞান মহাবিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে প্রাথমিক শিক্ষক পদের বাছাই করা রাজ্যের পাঁচ হাজার ৫০ জন টেট উত্তীর্ণ প্রার্থীকে নিযুক্তিপত্র প্রদান করে একথা বলেন। মুখ্যমন্ত্রী আরও জানান ---**বাইট**---

রাজ্য সরকার স্বচ্ছতা ও মেধাসম্পন্ন লোকেদের নিযুক্তির ক্ষেত্রে গুরুত্ব আরোপ করার ফলে যুবক যুবতীদের মনে পড়াশুনা করলে সরকারী চাকুরী পাওয়ার ক্ষেত্রে আশার সঞ্চার হয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । উল্লেখ্য গতকাল নিম্ন প্রাথমিক বিদ্যালয়ের ৩ হাজার ৮০০ জন ও উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের ১ হাজার ৭৫০ জন প্রার্থীকে নিযুক্তিপত্র বিতরণ করা হয় ।

উল্লেখ্য আগামী ১৩ই নভেম্বর স্নাতক ও স্নাতোকোত্তর শিক্ষক পদের জন্য বাছাই করা সাত হাজার ৮৫০ জন প্রার্থীকে নিযুক্তি পত্র প্রদান করা হবে

রাজ্যের শিক্ষামন্ত্রী ডক্টর রণোজ পেগু আজ একদিনের সফরে হাইলাকান্দি আসছেন । মন্ত্রী ডক্টর পেগু আজ সকাল ১১টায় হাইলাকান্দি এস এস কলেজের প্লাটিনাম জুবিলি উৎসবের সমাপ্তি অনুষ্ঠানে অংশ নেবেন । এরপর মন্ত্রী ডক্টর পেগু গুয়াহাটী ফিরে যাবেন ।

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ জাতীয় খাদ্য সুরক্ষা আইনের অধীনের পরিবারকে ভর্তুকীযুক্ত মুসুরডাল , চিনী এবং লবণ সরবরাহ প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন তথা অন্ন সেবা দিনের সূচনা করবেন । প্রথম পর্যায়ে প্রতি কিলোগ্রাম মুসুরডাল ৬৯ টাকা , লবন প্রতি কিলোগ্রাম ১০ টাকা এবং চিনী প্রতি কিলোগ্রাম ৩৮ টাকা মূল্যে ক্রয় করা যাবে । রাজ্যের প্রায় ৭০ লক্ষ লোক এই প্রকল্পের দ্বারা উপকৃত হবেন ।

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ অন্ন সেবার দিন আনুষ্ঠানিকভাবে ভর্তুকি যুক্ত মসুর ডাল, চিনি ও লবন বিতরন কার্যসূচীর উদ্বোধন করা হবে ।

কাছাড় জেলা খাদ্য ও গন বন্টন বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে জেলায় আজ থেকে নায্য মূল্যের দোকানের মাধ্যমে রেহাই মূল্যে মুসুর ডাল, লবন ও চিনি বিতরন করা হবে । খাদ্য সুরক্ষা আধিকারীক জুনালী দেবী জানান যে প্রতি মাসে এক কিলোগ্রাম করে প্যাকেটজাত মুসুরডাল, চিনি ও লবন নায্য মূল্যের দোকান মারফৎ দেওয়া হবে । উল্লেখ্য আজ কাছাড় জেলার এক হাজার ৭শ ৫৬টি নায্য মূল্যের দোকানে এই কার্যসূচীর উদ্বোধন করা হবে ।

শ্রীভূমি জেলায়ও আজ সকাল ১০ টায় রেহাইমূল্যে মুসুর ডাল , চিনি ও লবন বিতরণ কার্যসূচীর উদ্বোধন করা হবে । জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী গতকাল এক সাংবাদিক সম্মেলনে জানান

বাইট-----

হাইলাকান্দি জেলায়ও আজ সকাল ১০ টা থেকে রেহাই মূল্যে মুসুর ডাল ,চিনি ও লবন বিতরণ করা হবে । এ উপলক্ষে জেলার সব ন্যায্যমূল্যের দোকানে আজ উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । ইতিমধ্যে জেলার ৭৩৫ টি ন্যায্য মূল্যের দোকানে সামগ্রী বিতরণের সব প্রস্তুতি সম্পূর্ণ করা হয়েছে । উল্লেখ্য হাইলাকান্দি জেলায় চলতি মাসের সামগ্রীগুলো কুড়ি নভেম্বর পর্যন্ত দেওয়া হবে । খাদ্য সুরক্ষার কার্ড থাকা হিতাধিকারীরাই শুধুমাত্র এই সামগ্রীগুলি পাবেন ।

ইলাকান্দি জেলার ছাত্র-ছাত্রীদের আধারকার্ড আপডেট করার জন্য আজ থেকে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে বিশেষ শিবিরের আয়োজন করা হবে । আলগাপুরের বড়নগথ গার্লস হায়ার সেকেন্ডারী স্কুলে আজ থেকে আগামী বুধবার পর্যন্ত এই আধার আপডেট শিবির অনুষ্ঠিত হবে । অনুরূপভাবে আগামী ১৩ নভেম্বর থেকে ২৫শে নভেম্বর পর্যন্ত আলগাপুর পাবলিক হায়ার সেকেন্ডারী স্কুলে এই শিবির অনুষ্ঠিত হবে । উল্লেখ্য আগামী ৬ই ডিসেম্বর পর্যন্ত হাইলাকান্দি জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এ ধরনের আধার আপডেট শিবির অনুষ্ঠিত হবে ।

লায়ন্স ক্লাব অব লালার উদ্যোগে গতকাল লালায় বিনামূল্যে ডায়াবেটিস স্ক্রিনিং ,ব্লাড প্রেসার পরীক্ষা ও সচেতনতা সভা অনুষ্ঠিত হয় । ক্লাবের সভাপতি নুরুল মজুমদারের পৌরহিত্যে আয়োজিত সচেতনতা সভায় ডক্টর গৌরী দাস সিংহ , শিক্ষক রথীন্দ্র নাথ প্রমুখ বক্তব্য রাখেন ।

উল্লেখ্য গতকালের শিবিরে প্রায় ৫০ জন পুরুষ-মহিলার ব্লাড সুগার ও প্রেসার পরীক্ষা করা হয়েছে ।

সর্বভারতীয় টেনিস সংস্থা ও আন্তর্জাতিক টেনিস ফেডারেশনের সহযোগীতায় সারা আসাম টেনিস সংস্থা আজ থেকে গৌহাটীতে দুটি করে আন্তর্জাতিক টেনিস প্রতিযোগীতার আয়োজন করছে । প্রতিযোগীতা দুটিতে ভারত সহ বিশ্বের ১৫ টি দেশের দুশ খেলোয়ার অংশ গ্রহণ করবেন । ৩৫ , ৪৫ , ৫৫ , ৬৫ বছরের বেশী বয়সের পুরুষ ও মহিলারা এই প্রতিযোগীতায় অংশ গ্রহন করবেন ।
